



## জাগৃতি লেখক ফোরামের সাহিত্য আড্ডায় কিছু সময়

লিখেছেন ডক্টর আ ফ ম খালিদ হোসেন ২৭ জুন, ২০১৪, ১০:৪৩:৩৯ রাত



এই মাত্র জাগৃতি লেখক ফোরামের উদ্যোগে চট্টগ্রামের চাঁদগাও আবাসিক এলাকার মরহুম মাওলানা মাহমুদুল হাসান আনসারীর বাসভবন সংলগ্ন মাদরাসা মিলনায়তনে আয়োজিত এক সাহিত্য আড্ডায় যোগ দিয়ে এলাম। পূর্ব নির্ধারিত কর্মসূচী থাকায় শেষ পর্যন্ত থাকতে পারিনি। উপাধ্যক্ষ মাওলানা আবিদুর রহমান তালুকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সাহিত্য আড্ডায় নবীন বন্ধুগণ স্বরচিত গল্প, রম্য রচনা ও প্রবন্ধ পাঠ করে শোনান। কাজী সাইফুল হকের 'ঘুষ নিয়ে ঘুষাঘুষি' এবং আলাউদ্দিন কবিরের 'মেহেদীর যন্ত্রণা' বেশ রসালো ও সুখপাঠ্য হয়েছে। উভয়ের বর্ণনাভঙ্গি সরস ও সাবলীল। সাইফুল হক শ্লেষাত্মক বর্ণনায় সমাজের রক্তে রক্তে ঘুষের বিস্তার, স্থান-কাল-পাত্র ভেদে ঘুষের নামকরণ এবং ঘুষ না দিলে ভুক্তভোগীর নিদারুন হয়রানির চিত্র পাঠকের সামনে তুলে ধরতে সক্ষম হন। তাঁর ভাষায় মুস্লিয়ানা লক্ষণীয়। ঘুষ এখন আর অপরাধ নয়, দাবীতে পরিণত হয়েছে। অবস্থা এমন দাঁড়িয়েছে যে, ঘুষ না দিয়ে কোন কাজ আদায় করা অনেকটা অসম্ভব। তৃণমূল থেকে উচ্চস্তর পর্যন্ত ঘুষের হাত সম্প্রসারিত। মাওলানা খন্দকার হামিদুল্লাহর সঞ্চালনায় অনুষ্ঠিত এ সাহিত্য আড্ডায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মাওলানা মুজাহিদ সগীর আহমদ। কিছুদিন পরপর এমনতর সাহিত্য আড্ডার আয়োজন করা গেলে নবীনদের প্রতিভা বিকাশের সুযোগ অব্যাহত হবে।